রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৮, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১

নিম্নলিখিত বিলটি ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২০/২০২১

## শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য আনীত বিল

যেহেতু বাংলাদেশে শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবার মানোন্নয়ন, নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট স্থাপন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) 'ইনস্টিটিউট' অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ইউনিট;


মূল্য : টাকা ১৬·০০

(২) ‘একাডেমিক কাউন্সিল’ অর্থ ধারা ১২ এর অধীন গঠিত একাডেমিক কাউন্সিল;

(৩) ‘তহবলি’ অর্থ ধারা ১৯ এ বর্ণিত তহবিল;

(৪) ‘নির্ধারিত’ অর্থ প্রবিধান দ্বারা নির্ধারিত;

(৫) ‘পরিচালক’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক;

(৬) ‘প্রবিধান’ অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৭) ‘বিধি’ অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৮) ‘বোর্ড’ অর্থ ধারা ৬ এর উপ-ধারা (২) এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(৯) ‘রেজিস্ট্রার’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের রেজিস্ট্রার;

(১০) ‘শিশু’ অর্থ শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪ নং আইন) তে সংজ্ঞায়িত শিশু;

(১১) ‘সদস্য’ অর্থ পরিচালনা বোর্ডের সদস্য;

(১২) ‘স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান’ অর্থ বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান যাহার চিকিৎসা শাস্ত্রে স্নাতক বা স্নাতকোত্তর কোর্সের স্বীকৃতি প্রদানের আইনগত ক্ষমতা রহিয়াছে;

(১৩) ‘হাসপাতাল’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের স্বাস্থ্যসেবা প্রদানকারী ইউনিট;

(১৪) ‘হাসপাতাল ও ইনস্টিটিউট’ অর্থ ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট।

৩। **হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা**।—(১) এই আইন কার্যকর হইবার পর, ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, শেরে বাংলা নগর, ঢাকা, এই আইনের অধীন বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট নামে প্রতিষ্ঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) সরকার, এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, দেশের যে কোনো স্থানে হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা করিতে পারিবে।

(৩) হাসপাতাল ও ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং হাসপাতাল ও ইনস্টিটিউট উহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **প্রধান কার্যালয়, শাখা কার্যালয়**।—হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে; তবে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, হাসপাতাল ও ইনস্টিটিউটের শাখা কার্যালয় স্থাপন ও পরিচালনা করিতে পারিবে।

৫। **হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি**।—হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) হাসপাতালের বহির্বিভাগ ও অন্তঃবিভাগ পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও এতদ্‌সংশ্লিষ্ট অন্য কোনো কার্য সম্পাদন;

(খ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে, শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ;

(গ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি এবং চিকিৎসা বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত যৌথভাবে শিক্ষা বা গবেষণা কর্মসূচি গ্রহণ;

(ঘ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে গবেষণাকর্ম, পুস্তক, জার্নাল বা সাময়িকী প্রকাশ;

(ঙ) শিশু স্বাস্থ্য সেবার মানোন্নয়নের জন্য কমিউনিটিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও এতদ্‌সংশ্লিষ্ট একাডেমিক কর্মসূচি গ্রহণ;

(চ) অস্বচ্ছল পরিবারের মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে হাসপাতালের অন্তঃবিভাগে অন্যূন ত্রিশ শতাংশ বিছানা বিনামূল্যে বরাদ্দ প্রদান;

(ছ) কোনো রোগ প্রতিরোধের টীকা (ভ্যাকসিন) বা অন্য কোনো প্রতিরোধমূলক স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(জ) শিশু স্বাস্থ্য, পুষ্টি বা চিকিৎসা সংক্রান্ত বিষয়ের উপর জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন, কর্মশালা বা প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা;

(ঝ) পরিবার পরিকল্পনা বিষয়ে প্রয়োজনীয় সেবা ও কার্যক্রম গ্রহণ;

(ঞ) শিশুর শারীরিক ও মানসিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের পরীক্ষাগার, ব্যায়ামাগার এবং শিশু কর্নার পরিচালনা;

(ট) ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত গবেষণাকার্য সমাপ্ত করিয়াছেন এমন ব্যক্তিকে সম্মাননা বা স্বীকৃতি প্রদান;

(ঠ) শিশু চিকিৎসা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য কোনো ব্যক্তিকে সম্মাননা প্রদান;

(ড) প্রতিবন্ধী শিশুদের বিশেষ পদ্ধতি বা ব্যবস্থায় চিকিৎসা সেবা প্রদান এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা;

(ঢ) নির্ধারিত অন্য কোনো কার্য।

৬। **সভাপতি ও পরিচালনা বোর্ড**।—(১) সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, জাতীয়ভাবে সুনাম অর্জনকারী শিশু চিকিৎসা বিষয়ের একজন জ্যেষ্ঠ অধ্যাপককে হাসপাতাল ও ইনস্টিটিউটের সভাপতি নিয়োগ করিতে পারিবে।

(২) হাসপাতাল ও ইনস্টিটিউট পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত একটি পরিচালনা বোর্ড থাকিবে, যথা :—

(ক) হাসপাতাল ও ইনস্টিটিউটের সভাপতি, যিনি বোর্ডেরও সভাপতি হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত জাতীয়ভাবে সুনাম অর্জনকারী একজন বিশিষ্ট নাগরিক;

(গ) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত শিশু স্বাস্থ্য বিষয়ের একজন অধ্যাপক;

(ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(চ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(ছ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(জ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(ঝ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন পরিচালক;

(ঞ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ট) সরকার কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের একজন অধ্যাপক;

(ঠ) সরকার কর্তৃক মনোনীত শিশু স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞ ও খ্যাতনামা একজন ব্যক্তি;

(ড) হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৩) বোর্ডের সভাপতি ও দফা (খ), (ট), (ঠ) এ উল্লিখিত সদস্য মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

(৪) দফা (গ) থেকে (ঞ) এবং দফা (ড) এ উল্লিখিত সদস্য পদে মনোনীত কর্মকর্তা বা প্রতিনিধি সংশ্লিষ্ট পদে বহাল না থাকিলে তাহার পরিবর্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক যে কর্মকর্তাকে মনোনয়ন দেয়া হইবে, তিনি বোর্ডের অবশিষ্ট মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকিবেন।

(৫) সভাপতি ও বোর্ডের কোনো সদস্য সরকার বরাবর স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন; তবে সরকার কর্তৃক পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত এই পদত্যাগ কার্যকর হইবে না।

(৬) কোনো কারণে সভাপতি তাহার দায়িত্ব পালনে অক্ষম হইলে বা সভাপতির পদ শূন্য হইলে, সভাপতি দায়িত্ব পালনে সক্ষম না হওয়া পর্যন্ত বা শূন্য পদে নূতন সভাপতি নিয়োগপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সরকার বোর্ডের একজন জ্যেষ্ঠ সদস্যকে সভাপতির দায়িত্ব পালনের আদেশ প্রদান করিবেন; তবে এইরূপ আদেশের মেয়াদ ৬ (ছয়) মাসের অধিক হইবে না।

(৭) সভাপতি শারীরিক, মানসিক বা অন্য কোনো কারণে একাধারে ৬ (ছয়) মাস দায়িত্ব পালনে অক্ষম হইলে, তাহার পদ শূন্য হইবে এবং শূন্য পদে নূতন সভাপতি নিয়োগ করিতে হইবে।

(৮) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৯) কোনো ব্যক্তি একাধারে ২ (দুই) মেয়াদের বেশি সভাপতি পদে নিয়োগের জন্য যোগ্য হইবেন না।

৭। **সভাপতি ও সদস্য অপসারণ**।—এই আইনের অন্য কোনো বিধানে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, নির্ধারিত পদ্ধতিতে, সভাপতি বা কোনো সদস্যকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করিয়া তাহার মেয়াদ শেষ হইবার পূর্বে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে।

৮। **পরিচালনা বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি**।—পরিচালনা বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) ধারা ৫ বা এই আইনের অন্য কোনো বিধানে বর্ণিত হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি বাস্তবায়ন;

(খ) হাসপাতাল ও ইনস্টিটিউটের বাজেট অনুমোদন;

(গ) হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রশাসনিক, অর্থনৈতিক, শিক্ষা বিষয়ক নীতিমালা প্রণয়ন ও অনুমোদন;

(ঘ) সরকারের, পূর্বানুমোদনক্রমে, হাসপাতাল ও ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো অনুমোদন, পদসৃজন, পদনাম পরিবর্তন বা পদ বিলুপ্তকরণ;

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষক, চিকিৎসক বা কর্মচারী পদে নিয়োগ, পদোন্নতি এবং এতদ্‌সংক্রান্ত নির্ধারিত অন্য কোনো কার্য সম্পাদন;

(চ) সরকারের, পূর্বানুমোদনক্রমে, হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষক, চিকিৎসক, কর্মচারীর বেতন-ভাতা বা আর্থিক অন্য কোনো সুবিধা নির্ধারণ;

(ছ) হাসপাতালের সেবা ও সেবামূল্য বা ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম পরিচালনার ব্যয় নির্ধারণ;

(জ) এই আইন অনুযায়ী বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো দায়িত্ব পালন।

৯। **বোর্ডের সভা**।—(১) বোর্ডের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে এবং প্রত্যেক দুই মাসে বোর্ডের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) সভাপতি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন; তবে তাহার অনুপস্থিতিতে, সভায় উপস্থিত সদস্যের মধ্য হইতে জ্যেষ্ঠ কোনো সদস্য সভাপতিত্ব করিবেন।

(৩) সভায় মোট সদস্যের অন্যূন এক-তৃতীয়াংশের উপস্থিতিতে বোর্ডের কোরাম পূর্ণ হইবে; তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হইবে; তবে ভোটের সমতার ক্ষেত্রে, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৫) এই ধারার বিধান সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিয়া আদেশ জারি করিতে পারিবে।

১০। **পরিচালক নিয়োগ ও অপসারণ**।—(১) সরকার, শিশু চিকিৎসা বিষয়ের একজন অভিজ্ঞ অধ্যাপককে হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক হিসাবে নিয়োগ করিতে পারিবে; তবে পরিচালক পদে নিয়োগের ক্ষেত্রে ইনস্টিটিউটের অধ্যাপক অগ্রাধিকার পাইবেন।

(২) সরকার, আদেশ দ্বারা, পরিচালকের কর্মের মেয়াদ ও চাকরির শর্তাবলি নির্ধারণ করিতে পারিবে।

(৩) পরিচালক হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সার্বক্ষণিক কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৪) পরিচালক বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশাসনিক কার্যাবলি সম্পাদন করিবেন।

(৫) পরিচালক এই আইন, বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত অন্য কোনো কার্য সম্পাদন করিবেন এবং তিনি তাহার কর্মের জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবেন।

(৬) সরকার, যেকোনো সময়, আদেশ দ্বারা, পরিচালককে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে।

১১। **রেজিস্ট্রার**।—(১) হাসপাতাল ও ইনস্টিটিউটের একজন রেজিস্ট্রার থাকিবেন, যিনি বোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন।

(২) রেজিস্ট্রারের দায়িত্ব ও কার্যাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১২। **একাডেমিক কাউন্সিল**।—(১) ইনস্টিটিউটের একটি একাডেমিক কাউন্সিল থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) পরিচালক, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ের একজন জ্যেষ্ঠ অধ্যাপক;

(গ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক মনোনীত চিকিৎসা শিক্ষা বিষয়ে অভিজ্ঞ একজন প্রতিনিধি;

(ঘ) বোর্ড কর্তৃক মনোনীত বোর্ডের একজন সদস্য;

(ঙ) বোর্ড কর্তৃক মনোনীত একজন জ্যেষ্ঠ অধ্যাপক;

(চ) ইনস্টিটিউটের সকল বিভাগের বিভাগীয় প্রধান এবং অনুষদ প্রধান;

(ছ) রেজিস্ট্রার, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) বোর্ড, আদেশ দ্বারা, একাডেমিক কাউন্সিলের মেয়াদ ও উহার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) বোর্ড, আদেশ দ্বারা, উপযুক্ত কোনো ব্যক্তিকে একাডেমিক কাউন্সিলের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

১৩। **একাডেমিক কাউন্সিলের কার্যাবলি**।—একাডেমিক কাউন্সিলের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) ইনস্টিটিউটের সকল সার্টিফিকেট ও প্রশিক্ষণ কোর্সের পাঠক্রম প্রণয়ন এবং গবেষণার বিষয় নির্ধারণ;

(খ) ইনস্টিটিউটের সকল কোর্সের পাঠদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(গ) গবেষণা কার্যের মূল্যায়ণ ও স্বীকৃতি;

(ঘ) নির্ধারিত অন্য যেকোনো কার্য।

১৪। **হাসপাতাল পরিচালনা কমিটি**।—(১) বোর্ড, আদেশ দ্বারা, হাসপাতাল পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি পরিচালনা কমিটি গঠন করিবে, যথা :—

(ক) পরিচালক, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) বোর্ড কর্তৃক মনোনীত হাসপাতাল ও ইনস্টিটিউটের ২ (দুই) জন চিকিৎসক;

(গ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত একজন উপসচিব;

(ঘ) রেজিস্ট্রার;

(ঙ) হাসপাতাল কর্তৃক মনোনীত একজন উপযুক্ত কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত পরিচালনা কমিটি নির্ধারিত পদ্ধতিতে হাসপাতাল পরিচালনা করিবে এবং কমিটি উহার কার্যের জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবে।

১৫। **শিক্ষক, চিকিৎসক ও কর্মচারী নিয়োগ**।—(১) বোর্ড, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী, নির্ধারিত পদ্ধতিতে, হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষক, চিকিৎসক এবং সাধারণ ও কারিগরি কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) সরকার, বোর্ডের চাহিদা অনুযায়ী, নির্ধারিত পদ্ধতিতে, হাসপাতাল ও ইনস্টিটিউটের নির্ধারিত সংখ্যক পদে শিক্ষক ও চিকিৎসক পদায়ন করিতে পারিবে।

১৬। **স্নাতক ও স্নাতকোত্তর কোর্স পাঠদান**।—(১) ইনস্টিটিউট, স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের অধিভুক্তি গ্রহণ করিয়া, শিশু স্বাস্থ্য, মাতৃ স্বাস্থ্য বা এতদ্‌সংশ্লিষ্ট অন্য কোনো বিষয়ে স্নাতকোত্তর কোর্স এবং মেডিক্যাল টেকনোলজি, নার্সিং বা চিকিৎসা শাস্ত্রের অন্য কোনো বিষয়ে স্নাতক ও ডিপ্লোমা কোর্স পরিচালনা করিতে পারিবে।

(২) ইনস্টিটিউট সরকারের পূর্বানুমোদনক্রমে বিদেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি গ্রহণ করিয়া বা যৌথভাবে উপ-ধারা (১) এ উল্লিখিত বিষয়ে স্নাতকোত্তর, স্নাতক বা ডিপ্লোমা কোর্স পরিচালনা করিতে পারিবে।

১৭। **সার্টিফিকেট ও প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও সনদ প্রদান**।—ধারা ১৬ তে যাহা কিছুই থাকুক না কেন, ইনস্টিটিউট, বোর্ডের অনুমোদন গ্রহণ করিয়া, নির্ধারিত পদ্ধতিতে, শিশু স্বাস্থ্য, মাতৃ স্বাস্থ্য বা এতদ্সংশ্লিষ্ট অন্য কোনো বিষয়ে সার্টিফিকেট বা প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও সনদ প্রদান করিতে পারিবে।

১৮। **বিভাগ ও অনুষদ গঠন**।—বোর্ড, শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা ও শিক্ষার উদ্দেশ্যে, নির্ধারিত পদ্ধতিতে, হাসপাতাল ও ইনস্টিটিউটে স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় বিভাগ, অনুবিভাগ ও অনুষদ গঠন, পুনর্গঠন, একত্রীকরণ বা বিলুপ্তি করিতে পারিবে।

১৯। **তহবিল**।—(১) হাসপাতাল ও ইনস্টিটিউটের একটি সাধারণ তহবিল থাকিবে এবং উহা বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট তহবিল নামে নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত তহবিলে নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে, যথাঃ—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) কোনো স্থানীয় কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান, সংস্থা বা কোনো ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) কোনো বিদেশি সরকার, সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান বা গৃহীত ঋণ;

(ঘ) হাসপাতাল ও ইনস্টিটিউটের নিজস্ব সম্পত্তি হইতে অর্জিত আয় বা সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ;

(ঙ) হাসপাতাল ও ইনস্টিটিউটের মালিকানাধীন ও তৎকর্তৃক পরিচালিত কোনো উদ্যোগ হইতে প্রাপ্ত আয়;

(চ) হাসপাতালের স্বাস্থ্য সেবা হইতে প্রাপ্ত আয়;

(ছ) হাসপাতাল ও ইনস্টিটিউটের অন্য যেকোনো আয়;

(জ) হাসপাতাল ও ইনস্টিটিউটের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত আয় বা মুনাফা।

(৩) বোর্ড কর্তৃক অনুমোদিত এক বা একাধিক তফসিলি ব্যাংকে তহবিলের অর্থ জমা রাখা যাইবে।

(৪) বোর্ড তহবিল হইতে হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রয়োজনীয় সকল ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(৫) বোর্ড তহবিলের অংশবিশেষ বিনিয়োগ করিতে পারিবে।

(৬) বোর্ড তহবিলের প্রয়োজনীয় ব্যয়ের খাত নির্ধারণ করিতে পারিবে।

**ব্যাখ্যা**।—এই ধারায় "তফসিলি ব্যাংক" বলিতে Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর Article 2 (j) তে সংজ্ঞায়িত Scheduled Bank কে বুঝাইবে।

২০। **বাজেট**।—(১) পরিচালক, বোর্ডের অনুমোদন গ্রহণ করিয়া, প্রত্যেক অর্থ বৎসরে হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রয়োজনীয় বাজেট সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত বাজেট বিবেচনা করিয়া প্রয়োজনীয় অর্থ অনুদান হিসাবে প্রদান করিতে পারিবে।

২১। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।—(১) নির্ধারিত পদ্ধতিতে হাসপাতাল ও ইনস্টিটিউটের আয়-ব্যয়ের পৃথক ও সমন্বিত হিসাব-রক্ষণ এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিতে হইবে।

(২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক বলিয়া উল্লিখিত, বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি প্রত্যেক বৎসর হাসপাতাল ও ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষা করিবেন এবং বিদ্যমান আইনের বিধান মোতাবেক নিরীক্ষা প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন হিসাব নিরীক্ষা ছাড়াও হাসপাতাল ও ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষা করিবার জন্য, বোর্ড, Bangladesh Chartered Accountants Order, 1973 (P. O. No. 2 of 1973) এর Article 2 (1)(b) তে সংজ্ঞায়িত Chartered Accountant নিয়োগ করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন নিয়োগকৃত Chartered Accountant এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে পারিশ্রমিক প্রাপ্য হইবেন।

(৫) উপ-ধারা (২) এবং (৩) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি অথবা, ক্ষেত্রমত, Chartered Accountant হাসপাতাল ও ইনস্টিটিউটের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং বোর্ড বা হাসপাতাল ও ইনস্টিটিউটের যে কোনো কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২২। **বার্ষিক কর্মপরিকল্পনা ও প্রতিবেদন**।—(১) বোর্ড প্রত্যেক বৎসর জানুয়ারি মাসের মধ্যে হাসপাতাল ও ইনস্টিটিউটের পূর্ববর্তী বৎসরের সম্পাদিত কার্যাবলি এবং উহার আর্থিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী এবং পরবর্তী বৎসরের কর্মপরিকল্পনা প্রতিবেদন আকারে সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করিয়া বোর্ডকে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করিতে পারিবে।

(৩) সরকার, প্রয়োজনে, হাসপাতাল ও ইনস্টিটিউটের নিকট হইতে উহার কার্যক্রম বা ব্যবস্থাপনা সংক্রান্ত যেকোনো তথ্য, যেকোনো বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী চাহিতে পারিবে এবং হাসপাতাল ও ইনস্টিটিউট উহা সরকারের নিকট প্রেরণ করিবে।

(৪) সরকার, যেকোনো সময়, হাসপাতাল ও ইনস্টিটিউটের কোনো কার্যক্রম বা যেকোনো প্রকার অভিযোগের বিষয়ে তদন্ত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৩। **ক্ষমতা অর্পণ**।—(১) বোর্ড উহার যেকোনো ক্ষমতা তৎকর্তৃক নির্ধারিত শর্তে, সভাপতি, কোনো সদস্য, পরিচালক বা হাসপাতাল ও ইনস্টিটিউটের অন্য কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

(২) পরিচালক তাহার কোনো ক্ষমতা, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, হাসপাতাল ও ইনস্টিটিউটের কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

২৪। **চুক্তি সম্পাদন**।—বোর্ড, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, যেকোনো সংস্থা বা কর্তৃপক্ষের সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবেঃ

তবে শর্তে থাকে যে, কোনো বিদেশি সরকার বা সংস্থার সহিত চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

২৫। **কমিটি**।—(১) বোর্ড উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক বিষয়ভিত্তিক কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটিসমূহের গঠন, কার্যপদ্ধতি এবং দায়িত্ব বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

২৬। **বিধি প্রণয়নের ক্ষমতা**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৭। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা**।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৮। **বিলুপ্তি ও হেফাজত**।—(১) ধারা ৩ এর অধীন হাসপাতাল ও ইনস্টিটিউট স্থাপনের সঙ্গে সঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঢাকা জেলার শেরে বাংলা নগর নামক স্থানে বিদ্যমান ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ অতঃপর "বিলুপ্ত হাসপাতাল ও ইনস্টিটিউট" বলিয়া উল্লিখিত, এবং উহাদের পরিচালনা বোর্ড, বিলুপ্ত হইবে।

(২) বিলুপ্ত হাসপাতাল ও ইনস্টিটিউটের—

(ক) সকল স্থাবর ও অস্থাবর সম্পদ, নগদ বা ব্যাংক হিসাবে গচ্ছিত অর্থ, তহবিল এবং এতদ্‌সংশ্লিষ্ট অন্য যেকোনো প্রকার অধিকার, স্বার্থ, সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ড এবং তদ্‌সম্পর্কিত অন্য কোনো দলিল, হাসপাতাল ও ইনস্টিটিউটের নিকট হস্তান্তরিত হইবে;

(খ) সকল প্রকার ঋণ, দায়-দায়িত্ব হাসপাতাল ও ইনস্টিটিউটের ঋণ, দায়-দায়িত্ব হিসাবে গণ্য হইবে;

(গ) সকল কর্মকর্তা কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে হাসপাতাল ও ইনস্টিটিউটে ন্যস্ত হইবে, ন্যস্তকৃত কর্মকর্তা কর্মচারী হাসপাতাল ও ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে তাহারা যে শর্তে চাকরিতে নিয়োজিত ছিলেন, এই আইনের অধীন প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে নিয়োজিত থাকিবেন।

(৩) উক্তরূপ বিলুপ্তিকরণ সত্ত্বেও—

(ক) বিলুপ্ত হাসপাতাল ও ইনস্টিটিউটের—

(অ) চলমান বা প্রক্রিয়াধীন কোনো কার্য বা কার্যধারা, এই আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি হিসাবে নিষ্পন্ন করা যাইবে;

(আ) ন্যস্তকৃত কর্মকর্তা-কর্মচারী চাকরির জ্যেষ্ঠতা, বেতন বৃদ্ধি, পদোন্নতির সুযোগ, আনুতোষিক (gratuity) অবসর ভাতা বা অন্য কোনো সুবিধা পূর্বের ন্যায় প্রাপ্য হইবেন;

(ই) স্নাতক, স্নাতকোত্তর, ডিপ্লোমা বা অন্য কোনো কোর্স অসমাপ্ত থাকিলে উহা হাসপাতাল ও ইনস্টিটিউটের কোর্স বলিয়া গণ্য হইবে এবং উহা ইনস্টিটিউট কর্তৃক পূর্বের শর্ত ও মেয়াদে যথাযথভাবে সম্পন্ন করা যাইবে;

(খ) নূতন জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত, বোর্ড, বিলুপ্ত হাসপাতাল ও ইনস্টিটিউটের জনবল কাঠামো অনুসরণ করিতে পারবে;

(গ) বিলুপ্ত বোর্ড বা গভর্নিং বোর্ড যথাশীঘ্র সম্ভব উপ-ধারা (১) এ বর্ণিত হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করিবে;

(ঘ) এই আইনের অধীন প্রবিধানমালা প্রণীত না হওয়া পর্যন্ত বোর্ড কর্তৃক প্রণীত এতদ্‌সংশ্লিষ্ট আদেশ, নীতি বা অন্য কোনো দলিল, উহা যে নামেই অভিহিত হউক না কেন, কার্যকর থাকিবে;

(ঙ) বোর্ড, উপ-ধারা (১) এর অধীন হস্তান্তরিত স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ, ন্যস্তকৃত সকল কর্মকর্তা-কর্মচারীর জ্যেষ্ঠতা অনুযায়ী নামের তালিকা, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, প্রকাশ করিবে;

(চ) হাসপাতাল ও ইনস্টিটিউটে ন্যস্তকৃত কর্মকর্তা-কর্মচারীর কর্মের শর্তাবলী এমনভাবে পরিবর্তন করা যাইবে না যাহাতে উক্ত কর্মকর্তা-কর্মচারীর অর্জিত কোনো অধিকার ক্ষতিগ্রস্ত হয়।

**ব্যাখ্যা**।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, "কর্মকর্তা-কর্মচারী" অর্থ শিক্ষক, চিকিৎসক, সাধারণ, কারিগরি কর্মকর্তা-কর্মচারী।

২৯। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে; তবে এই আইন ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

# উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশের বিশাল জনগোষ্ঠীর তুলনায় স্বাস্থ্য ও সেবা প্রতিষ্ঠানের অপ্রতুলতা রয়েছে। বিশেষত শিশুদের জন্য আলাদা হাসাপাতাল খুবই কম। বিভিন্ন হাসপাতালে বিচ্ছিন্ন ও সীমিতভাবে শিশুদের চিকিৎসাসেবা প্রদান করা হয়ে থাকে। এমতাবস্থায় বাংলাদেশের শিশুদের চিকিৎসা বিশেষতঃ দরিদ্র রোগাক্রান্ত শিশুদের গুণগত মানসম্পন্ন চিকিৎসাসেবা নিশ্চিত করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সভাপতিত্বে **১৯৭৪** সালের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত "ন্যাশনাল ইকোনোমিক কাউন্সিল অব বাংলাদেশ" এর সভায় ২৫০ শয্যা বিশিষ্ট শিশু হাসপাতাল প্রকল্প অনুমোদিত হয়। পরবর্তীতে মার্চ **১৯৭৫** সালে স্বাস্থ্য মন্ত্রণালয় প্রকল্পটি বর্তমান অবস্থান শেরে বাংলা নগরে স্থানান্তর করে এবং **১৯৭৭** সালের জুন মাস হতে ঢাকা শিশু হাসপাতালের কার্যক্রম শেরে বাংলা নগর, ঢাকায় শুরু করা হয়।

০২। শিশুদের স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, সমন্বিত শিশুস্বাস্থ্য-সেবার সম্প্রসারণ, শিশুস্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে গবেষণা, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠিত ঢাকা শিশু হাসপাতাল এবং উহার অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইউনিটকে আইনি কাঠামোর আওতায় আনার নিমিত্ত 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১' প্রণয়ন করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১'-শীর্ষক বিলটি জাতীয় সংসদে উত্থাপন করা হ'ল।

**জাহিদ মালেক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd